

তারা ছিল দুই ভাই

রেদওয়ান সামী



হাবিল একটি ভেড়া নিল। ভেড়াটি ছিল খুবই নাদুসনুদুস। ভেড়াটি সে পাহাড়ে রেখে এল। আর কাবিল কী করল? সে তার বাবার কথার কোনো দামই দিল না। সে কিছু কাঁচা ফলমূল শাক-সবজি বুড়িতে করে নিয়ে রেখে এল পাহাড়ে।



এখন কী হবে? কাবিল ভাবতে লাগল, হাবিলের মৃত শরীর এখন সে কী করবে? তখনও পৃথিবীতে কেউ মারা যায়নি। তাই কাবিল বুঝতে পারল না যে, কেউ মরে গেলে তাকে কী করতে হয়! তাই সে হাবিলের মৃত শরীর কাঁধে করে বনে বনে ঘুরতে লাগল।



একসময় কাবিল দেখল, একটি কাক উড়ে আসছে। কাকটি আরেকটি মরা কাককে খামচে ধরে রেখেছে পা দিয়ে। কাকটা উড়ে উড়ে কাবিলের একটুখানি দূরে এসে বসল। মরা কাকটিকে একপাশে রেখে একটি গর্ত খুঁড়ল। তারপর সেই গর্তে কাকটিকে কবর দিয়ে দিল।



এটা দেখে কাবিল বুঝতে পারল, কেউ মারা গেলে এভাবে মাটি খুঁড়ে কবর দিতে হয়। কাবিলের দেখাদেখি কাবিলও মাটি খুঁড়ে তার ভাই হাবিলকে কবর দিয়ে দিল।



ঘটনা শুনে সব কাক আকাশে উড়তে লাগল। আর কাবিলকে অভিশাপ দিতে লাগল। কাকরা বলতে লাগল, কাবিল!
তুমি কত বোকা! কত খারাপ! তোমার ভাইয়ের কুরবানি কবুল হয়েছে, এটা তুমি মানতে পারলে না। তুমি কেমন
ভাই বলো তো! ভাইয়ের সাথে কোনো ভাই কখনো এমন করতে পারে?

